Islamic Religious Council of Singapore

Friday Sermon

27 October 2023 / 12 Rabi'ul Akhir 1445H

নবীজি (সঃ) এর পদাঙ্ক অনুসরণ - মহান আল্লাহর সাথে আমাদের সম্পর্ক সুদৃঢ় করা

الحَمدُ لِلَّهِ الَّذِي جَعَلَ مَكَارِمَ الأَخلاَقِ عُنوَانَ أَهلِ العِرْفَانِ، وَجَعَلَ حُسْنَ الخُلُقِ أَفضَلَ شَيءٍ يُوضَعُ فِي المِيزَانِ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ الرَّؤُوفُ المَنَّانُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبدُهُ ورَسولُهُ أَرسَلَهُ اللهُ إِلَى سَائِرِ الإِنسِ وَالجَانِّ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّم عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصحَابِهِ الَّذِينَ هُم لِأَهلِ الأَرضِ مَنبَعُ الرَّحمَةِ وَالأَمَانِ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُم مُسْلِمُونَ

সম্মানিত ভাই ও বোনেরা,

আসুন, আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার সকল নির্দেশ পালন করে এবং তিনি যা নিষিদ্ধ করেছেন তা করা থেকে বিরত থেকে আমরা আমাদের তাকওয়া বৃদ্ধি করার প্রচেষ্টা অব্যাহত রাখি। মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা যেন আমাদের সকল নামাজ ও ইবাদত গ্রহণ করেন এবং আমাদিগকে সহজ সরল পথে চলার নির্দেশনা দিন এবং আমরা যেন সেই পথ থেকে দূরে না থাকি। আমীন, ইয়া রাব্বাল আলামীন!

সম্মানিত ভাই ও বোনেরা,

গত দুইটি খুতবায় আমরা আমাদের নবী করিম (সঃ) এর পছন্দের একটি হাদীসে যে মূল্যবোধ এবং শিক্ষার কথা বলা হয়েছে তার ওপর আলোকপাত করেছি। আমরা সেখান থেকে যে দুটো জিনিস শিখেছিঃ সেগুলি হল,

...أَفْشُوا السَّلَامَ، وَأَطْعِمُوا الطَّعَام...

শান্তি প্রচার কর এবং ক্ষুধার্তকে খাবার দাও ।

এই হাদীসটি শান্তি প্রচারের এবং ভাল কাজ করে যাওয়ার গুরুত্বের কথা বলে। একই সাথে এটা অন্যকে সাহায্য করার গুরুত্বের ওপরেও জোর দেয়। আ্জকে আমরা হাদীসটির শেষ অংশের ওপরে আলোকপাত করবঃ

وَصَلُّوا بِاللَّيْلِ وَالنَّاسُ نِيَام

অর্থঃ "যখন অন্যেরা ঘুমে মগ্ন তখন নামাজ আদায় কর"'

এই কথাগুলি রাতের বেলা ঘুম থেকে উঠে মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার প্রতি ইবাদত পালনে আমাদেরকে উৎসাহিত করে যে ইবাদতকে আমরা বলি তাহাজ্জুদের নামাজ। এই নামাজের মাধ্যমে আমরা আমাদের সৃষ্টিকর্তার আরো নিকটস্থ হতে পারি এবং তাঁর ক্ষমা, তাঁর করুণা ও সাহায্য প্রার্থনা করতে পারি। এইটি হচ্ছে রাতের সেই নীরব শান্ত সময় যখন আমরা মগ্ন হয়ে তাঁর ইবাদত করি, আমাদের সকল আশা আকাংখা এবং স্বপ্নের কথা তাঁর কাছে ব্যক্ত করি।

সম্মানিত ভাই ও বোনেরা,

মধ্যরাতের তাহাজ্জুদ নামাজটি একটি বিশেষ ইবাদত। এই তাহাজ্জুদ নামাজের মাধ্যমে একজন মুমিন তাঁর সৃষ্টিকর্তার সাথে সম্পর্ক আরো নিবিড় করে তুলতে পারেন।

একটি শান্তিপূর্ণ নীরব রাত্রিতে আমরা মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার উদ্দেশ্যে তাহাজ্জুদ নামাজ পরার সুযোগ পাই। সম্পূর্ণ মনোযোগ ও ধ্যানমগ্নতা নিয়ে পৃথিবীর সকল কোলাহল থেকে দূরে থেকে আমরা মহান সৃষ্টিকর্তার নিকট তাঁর সাহায্য ও ক্ষমা চাইতে পারি।

তাই, মুমিনের জন্য ইবাদতের, দোয়া পাঠের এবং সৃষ্টিকর্তার সাথে গোপনে আলাপচারিতার আদর্শ সময় হলো এই মধ্যরাত। নিজের অন্তরের সকল কলুষতা দূর করার এবং অন্তরের শান্তির বীজ বপনের আরেকটি উপায় হল এই তাহাজ্জুদ নামাজ পড়া। অন্যভাবে বলা যায় যে,তাহাজ্জুদ আর কিয়ামুল্লাইল হল ইসলামের সেই ঐতিহ্য যা একজন মানুষের ব্যাক্তিত্ব ও আত্মপরিচয়ের রূপরেখা নির্ণয় করে। এবং একজন মুমিনের আধ্যাত্মিক অবস্থার উন্নতিতেও সাহায্য করে।

যদি আমরা আমাদের প্রার্থনাগুলি মঞ্জুর হোক এমন চাই তবে আমাদের সাথে মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার সম্পর্ক উন্নয়নে আমাদের নিরন্তর পরিশ্রম করতে হবে। সুরা ফাতিহারে পাঁচ নম্বর আয়াতের প্রজ্ঞা থেকে আমরা যা শিখতে পারি, তা হল,

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ٥

অর্থঃ আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি।

সুবহানাল্লাহ! সম্মানিত ভাই ও বোনেরা আমার,

এই আয়াতটিতে কয়েকটি কাজের পর্যায়ক্রমিক তালিকা প্রদান করা হয়েছে। । মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা এই আয়াতটি শুরু করছে আমাদেরকে নামাজের কথা স্মরণ করিয়ে দিতে যেন আমরা সর্বাগ্রে তাঁর ইবাদত করি। এবং এর পরে বান্দা মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার নিকট তার যা চাহিদা তা চাইতে পারে এবং এর পরে তাঁর প্রতি বিশ্বাস স্থাপন করতে পারে।

দিনে পাঁচবার নামাজ আদায় করা হল মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার সহিত সুসম্পর্ক স্থাপনের এবং তাঁর করুণা লাভের একটি অন্যতম উপায়। একজন বান্দাকে যখন সৃষ্টিকর্তা করুণা প্রদর্শন করেন তখন তার মোনাজাত বা তার প্রার্থনা সহজেই কবুল হবে বলে মনে করা হয়।

আর তাই, আমাদের সকল প্রার্থনা মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা কর্তৃক যদি কবুল করাতে চাই তবে, আমাদের প্রতিটি নামাজ আমরা কিভাবে পরছি তা সুক্ষ্ম বিশ্লেষণ ও অনুধাবন করার চেষ্টা অব্যাহত রাখতে হবে। আর আমাদের এইসব নামাজ, ইবাদত যদি ভুলে ভরা থাকে তবে আমরা কিভাবে আশা করতে পারি যে তিনি আমাদের প্রার্থনাগুলি মঞ্জুর করবেন? আর মাঝে মাঝে তো আমাদের অতি অবশ্যকীয়ভাবে পালনযোগ্য নামাজকেও আমরা যথেষ্ট অবহেলা করে থাকি।

এবং অন্য কাজের ভিড়ে নামাজকে একদিকে সরিয়ে রাখি।

যেভাবে নামাজ পরা উচিত সেভাবে নামজ পরাকে যদি আমরা প্রাধান্য না দিই তাহলে আমাদের সকল

আমার প্রিয় ভাই ও বোনেরা,

আমি এখন যা বললাম তা পালন করা বর্তমান সময়ে আরো কঠিন হয়ে পরেছে। বর্তমান পৃথিবী অনেক চ্যালেঞ্জ, অনেক বিপর্যয়ের এবং মানবতার সংকটের মধ্যে আছে। আমরা যখন গভীর রাতে ইবাদত করি তখন আমাদের আরো বেশী করে দোয়া পাঠ করা উচিত এবং আমাদের নিজেদের জন্য এবং আমাদের অন্যান্য মুমিন ভাই বোনদের জন্য যারা পৃথিবীর নানা স্থানে চরম দুর্যোগের মধ্যে দিনাতিপাত করছে আরো বেশী পরিমাণে ত্রাণ ভিক্ষা চাওয়া উচিত।

মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার উদ্দেশ্যে ইবাদত করার ও তাঁর সংগে একান্তে কথা বলার শ্রেষ্ঠ সময় হল যখন আমরা ঘুম থেকে উঠে ইবাদত করি । এর কারণ মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার প্রেরিত রাসুল একসময় বলেছিলেন, “ কোন মুমিন যদি গভীর রাতে মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার নিকট ইহকালের এবং পরকালের কল্যাণের জন্য কোন কিছু চেয়ে থাকেন তবে মহান

আল্লাহু তা আলাতাকে তা না দিয়ে থাকেন না। এবং এটা প্রতি রাতেই ঘটে থাকে”। (ইমাম মুসলিম কর্তৃক বর্ণিত হাদীস।)

ইমাম আল নাওওয়াবী তাঁর “আল মিনহজ নামক বইয়ে উল্লেখ করেছেন যে, “ প্রতিটি রাতেই একটি মুস্তাজাব সময় থাকে যখগন বান্দার সমস্ত আবেদন বা প্রার্থনা মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা মঞ্জুর করে থাকেন। আমাদের তাই প্রতিদিন মধ্য রাতে ঘুম থেকে উঠে পরায় উৎসাহ থাকতে হবে এই আশায় যে এই সময়ে আমরা যে চাওয়াগুলি চাইব মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা সেগুলি মঞ্জুর করবেন।

আজ পৃথিবীতে যা হচ্ছে তার জন্য আমরা এখানে সবাই ব্যথিত হয়ে আছি। আমাদের অন্যান্য ভাই-বোনেদের জীবনে কোন ক্ষতি নেমে আসলে তা আমাদেরকে প্রভাবিত করে সে তারা পৃথিবীর যেখানেই থাকুক না কেন।

আসুন, আমরা সবাই মিলে ভালবাসা ও ভাল কাজ করার বানী প্রচার করি, যাদের প্রয়োজন তাদেরকে সাহয্য করি এবং আমাদের তাহাজ্জুদ নামাজ পরতে থাকি এবং একই সাথে পৃথিবীর শান্তি ও মঙ্গলের জন্য প্রার্থনা করতে থাকি। আমরা পূর্ণ আস্থা নিয়ে মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা আমদের প্রার্থনা মঞ্জুর করবেন।

আমার সম্মানিত ভাই ও বোনেরা,

আমরা সবাই একত্রে আল্লহর দরবার প্রার্থনা করি এই আশায় যেতিনি পৃথিবীতে শান্তি ও সমৃদ্ধি সংরক্ষণ করেন বিশেষ করে প্যালেস্টাইনে। আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা যেন আমাদেরকে রহম করেন যাতে আমাদের সকল প্রচেষ্টা সফল হয়, আমাদের সকল প্রার্থনা এবং আমাদের সকল আবেদন- অনুরোধ তিনি মঞ্জুর করেন। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَ أَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَ لَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَ بَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَارَبَّ العَالَمِينَ.

اَللَّهُمَّ انصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِيْ غَزَّة وَفِي فِلِسْطِيْنَ وَفِيْ كُلِّ مَكَانٍ

.يَا أَرْحَمَ الرّاحِمِيْنَ، اللهم بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرُكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضلِهِ يُعطِكُم، وَلَذِكرُ اللهِ أَكبَرُ، وَاللهُ يَعلَمُ مَا تَصنَعُونَ.